# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

## بَابُ الْبَيَانِ وَالشِّعْرِ

### আরবী

وَعَنْ عَمْرِو بْنِ الشَّرِيدِ عَنْ أَبِيهِ قَالَ: رَدِفْتُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا فَقَالَ: «هَلْ مَعَكَ مِنْ شِعْرِ أُمَيَّةَ بْنِ أَبِي الصَّلْتِ شَيْءٌ؟» قُلْتُ: نَعَمْ. قَالَ: «هِيهِ» فَأَنْشَدْتُهُ بَيْتًا. فَقَالَ: «هيهِ» ثمَّ أنشدته بَيْتا فَقَالَ: «هيه» ثمَّ أنشدته مائَة بَيت. رَوَاهُ مُسلم

### বাংলা

৪৭৮৭-[৫] ’আমর ইবনু আশ্ শারীদ (রহঃ) তাঁর পিতা থেকে বর্ণনা করেন। একদিন আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে আরোহণ করলাম। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞেস করলেন, উমাইয়াহ্ ইবনু আবী সালত-এর কোন কবিতা কি তোমার মুখস্থ আছে? আমি বললামঃ জ্বী হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ সেটা শুনাও! তখন আমি সেটার একটি পংক্তি আবৃত্তি করলাম। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আরো শুনাও। অতঃপর আমি আরো একটি পংক্তি আবৃত্তি করলাম। এবারও তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আরো শুনাও। এভাবে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (উমাইয়াহ্ ইবনু আবী সালত-এর) একশ’ পংক্তি আবৃত্তি করে শুনালাম। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪১-(২২৫৫), সহীহ আল আদাবুল মুফরাদ ৬১৭, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬০১০, মুসনাদুল হুমায়দী ৮০৯, মুসনাদে আহমাদ ১৯৪৬৭, সুনানুন্ নাসায়ী আল কুবরা ১০৮৩৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৫৫৮, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭০৮৮, সহীহ ইবনু হিব্বান ৫৭৮২, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৬১৫৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমাইয়াহ্-এর কবিতা পছন্দ করতেন এবং এমন কবিতা রচনায়

উৎসাহিত করতেন। কেননা তাতে আল্লাহর একত্ববাদ ও পরকাল নিয়ে আলোচনা করা হয়েছিল। অতএব যে সমস্ত কবিতার বিষয়বস্তু ভালো সেগুলো আবৃত্তি ও শ্রবণ করা বৈধ। (শারহুন নাবাবী ১৫শ খন্ড, হাঃ ২২৫৬/২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আমর ইবনু শারীদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75511

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন